যুগান্তর

তারিখ 13 SEP 2013
পৃঃ 2 কলাম ৬

# ৫ হাজার লাইব্রেরিয়ানকে এমপিওভুক্তির সিদ্ধান্ত

যুগান্তর রিপোর্ট

অবৈধ প্রতিষ্ঠান থেকে সনদ নিয়ে স্কুল-মাদ্রাসায় চাকরি গ্রহণকারী ৫ সহস্রাধিক লাইব্রেরিয়ান ও ক্যাটালগারকে সরকার শেষপর্যন্ত এমপিও (বেতনের সরকারি অংশ) দিচ্ছে। বুধবার এ ব্যাপারে নীতিগত সিদ্ধান্ত নেয়া হয়। তবে তাদের ৬ শর্ত পূরণ করতে হবে। উল্লেখ্য, এমপিওভুক্তির দাবিতে আন্দোলনরত এ লাইব্রেরিয়ানদের বিরুদ্ধে দারুল ইহসান বিশ্ববিদ্যালয়সহ বিভিন্ন ভুয়া প্রতিষ্ঠান থেকে সনদ গ্রহণের অভিযোগ রয়েছে। দারুল ইহসান বিশ্ববিদ্যালয়ের সনদধারীরা সম্প্রতি বার কাউন্সিলের 'অ্যাডভোকেটশিপ' পরীক্ষায় নিষিদ্ধ হলেও সরকারের এই সিদ্ধান্তের ফলে সহকারী লাইব্রেরিয়ান পদে সরকারি সুযোগ-সুবিধা পেতে যাচ্ছেন। '২০১০' সালের জনবল কাঠামোতে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে সহকারী লাইব্রেরিয়ান পদ সৃষ্টি করা হয়। ২০১৩ সালের জানুয়ারি পর্যন্ত নিয়োগপ্রাপ্ত ৬ হাজার ৪৩৪ জন মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদফতরে (মাউশি) এমপিওভুক্তির জন্য আবেদন করেন। এদের মধ্যে ৫ হাজার ৩৫৪ জন ভুয়া বিশ্ববিদ্যালয়, সরকার অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠান নয় এমন প্রতিষ্ঠান, এমনকি এনজিও এবং পেশাজীবী সংগঠন থেকে 'লাইব্রেরি সায়েন্স ডিপ্লোমা' সনদধারী। এ কারণে খোদ মাউশি তাদের এমপিওভুক্তি আটকে দিয়েছিল। সূত্র জানায়, এসব ব্যক্তির এমপিও দিতে বুধবার শিক্ষাসচিব ড. কামাল আবদুল নাসের চৌধুরীর সঙ্গে মাউশি মহাপরিচালক অধ্যাপক ফাহিমা খাতুন বৈঠক করেন। সেখানেই নীতিগত সিদ্ধান্ত হয় এমপিও দেয়ার। এর আগে গত ২২ আগস্ট শিক্ষা মন্ত্রণালয়ে শিক্ষামন্ত্রীর সভাপতিত্বে বেসরকারি বিশ্ববিদ্যালয় সংক্রান্ত উচ্চপর্যায়ের এক সভায় মাউশি মহাপরিচালককে দেয়া প্রস্তাবের ভিত্তিতে ৬টি শর্তে সহকারী লাইব্রেরিয়ানদের এমপিওভুক্তির সিদ্ধান্ত গ্রহণ করা হয়। শর্তগুলো হচ্ছে- উল্লিখিত প্রার্থীদের পরবর্তী ৩ শিক্ষাবর্ষের মধ্যে ইউজিসি অনুমোদিত বিশ্ববিদ্যালয় (কোর্স অনুমোদন থাকাসহ) থেকে লাইব্রেরি সায়েন্সে ডিপ্লোমা অর্জন করতে হবে। তারা স্বপদে বেতন স্কেলের পরবর্তী নিম্ন বেতন স্কেলে এমপিওভুক্ত হবেন। কেবল জানুয়ারি-২০১৩ পর্যন্ত যোগদানকারী এবং এমপিওভুক্তির আবেদনকারীদের ক্ষেত্রে এ সুপারিশ প্রযোজ্য হবে। নির্দিষ্ট সময়সীমার মধ্যে লাইব্রেরি সায়েন্সে যথাযথ ডিপ্লোমা সনদ অর্জনকারীরা এমপিও নির্দেশিকা ২০১০ অনুযায়ী স্বপদের জন্য নির্ধারিত বেতন স্কেল প্রাপ্য হবেন। তবে কোনো বকেয়া প্রাপ্য হবেন না। লাইব্রেরি সায়েন্সে ডিপ্লোমা অর্জনে ব্যর্থ হলে এদের এমপিও স্বয়ংক্রিয়ভাবে বাতিল হবে। এমপিওভুক্তির পূর্বে প্রার্থীকে শর্তগুলো ৩০০ টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে উল্লেখপূর্বক তা মেনে চলার অঙ্গীকার করতে হবে।